



জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
পলিথিন ও ময়লা-আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলতে হবে
- উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৯ সেপ্টেম্বর ২০২৩।

পলিথিন ব্যবহার এবং এর ক্ষতিকর দিক নিয়ে আয়োজিত এক অনুষ্ঠানে আজ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম প্রধান অতিথি হিসেবে তাঁর ভাষণে বলেছেন, জীব-বৈচিত্র্য সুরক্ষা, ড্রেনেজ ব্যবস্থা পরিষ্কার-পরিচ্ছন্ন ও সচল রাখা এবং মাটির স্বাভাবিক গুণাগুণ অক্ষুণ্ণ রাখার জন্য পলিথিন ব্যবহারে সচেতন থাকতে হবে। নির্দিষ্ট স্থানে পলিথিন ফেলতে হবে। সুষ্ঠু পরিবেশ গড়ে তোলার জন্য পলিথিন ও ময়লা-আবর্জনা ফেলার ক্ষেত্রে দায়িত্বশীল আচরণ করতে হবে। সুইডেন ইনস্টিটিউট এ্যালামনাই নেটওয়ার্ক বাংলাদেশ এবং সুইডেন এ্যালামনাই নেটওয়ার্ক বাংলাদেশ আয়োজিত এ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তফা ফিরোজ। সুইডেন এ্যালামনাই নেটওয়ার্ক বাংলাদেশের চেয়ারম্যান মোঃ মাহমুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন এ্যালামনাই এর সদস্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ড. মোঃ কামাল হোসেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে এ্যালামনাই এর সদস্য সমাজবিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক বশির আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে পলিথিন ও বর্জ্য পরিষ্কারে এক সপ্তাহের কার্যক্রমে সেরা শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

Mohammad Mahiuddin

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

